

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর ১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজ্ঞপ্তি নং-বিজিএ/ইনসিওরেন্স/২০২৬/১৩০

তারিখ : ১৮ ফেব্রুয়ারী ২০২৬

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : কেন্দ্রীয় তহবিল হতে পোশাক শিল্প শ্রমিকদের মৃত্যু ও পঙ্গুত্বজনিত ক্ষতিপূরণ, চিকিৎসা সহায়তা, মাতৃত্বজনিত সহায়তা এবং শ্রমিকদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি সহায়তার জন্য আবেদন প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেন্দ্রীয় তহবিল হতে পোশাক শিল্প শ্রমিকদের মৃত্যুজনিত ক্ষতিপূরণ, শ্রমিক এবং তাঁদের পরিবারের সদস্যদের চিকিৎসা সহায়তা এবং শ্রমিকদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি সহায়তা প্রদান করা হয়। ফ্যাক্টরী হতে এ সংক্রান্ত আবেদনপত্র পূরণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয় গুলো সঠিক ভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হলো :

১. চিকিৎসা, শিক্ষা, মাতৃত্বজনিত সহায়তা ও অঙ্গহানী ক্ষতিপূরণের জন্য আবেদনকারী শ্রমিকের নিজস্ব একাউন্ট নং দিতে হবে অর্থ্যাৎ নিজের নামে সক্রিয় একাউন্ট হতে হবে।
২. মৃত্যুজনিত ক্ষতিপূরণের ক্ষেত্রে মৃত শ্রমিকের ওয়ারিশগণের সক্রিয় ব্যাংক এ্যাকাউন্ট নং প্রদান করতে হবে।
৩. ডিজিটাল একাউন্ট নাম্বার দিতে হবে (এ্যানালগ একাউন্ট নং এ টাকা ট্রান্সফার করা যায় না)।
৪. ব্যাংকের রাউটিং নাম্বার (ডিজিটাল নং) সঠিকভাবে প্রদান করতে হবে।
৫. চিকিৎসা সহায়তার ক্ষেত্রে চিকিৎসার সাম্প্রতিক (বিগত ৪ মাস সময়ের মধ্যে) চিকিৎসা পত্র এবং মেডিকেল পরীক্ষার রিপোর্ট প্রদান করতে হবে, টাকার রশিদ প্রদানের প্রয়োজন নেই।
৬. মাতৃত্বজনিত সহায়তার ক্ষেত্রে প্রথম সনাক্তকরণের আলট্রাসোনোগ্রাম কপি (আলট্রাসোনোগ্রামে আবেদনকারীর নাম উল্লেখ থাকতে হবে) সংযুক্ত করে প্রসবের পূর্বে অবশ্যই আবেদন করতে হবে।

বর্ণিত অবস্থায়, উপর্যুক্ত তথ্য সঠিকভাবে সংযুক্ত করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র বিজিএমইএ'তে প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,


মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব